

Powering Sydney's Future

POTTS HILL থেকে ALEXANDRIA পর্যন্ত ট্রান্সমিশন ক্যাবল প্রকল্প

একটি নতুন ভূগর্ভস্থ কেবল স্থাপনের কাজ যথেষ্ট এগিয়ে গেছে যা সিডনির সিবিডি এবং আশেপাশের অঞ্চলে নিরাপদ এবং নির্ভরযোগ্য বিদ্যুৎ সরবরাহ করতে সহায়তা করবে। এই আপডেটটি Canterbury Bankstown এলাকার বাসিন্দা এবং ব্যবসা প্রতিষ্ঠানগুলোর জন্য

TransGrid এর Powering Sydney's Future (ভবিষ্যৎ সিডনির বিদ্যুতায়ন) প্রকল্পে Potts Hill এবং Alexandria এর মধ্যে মাটির নিচে দিয়ে একটি নতুন বিদ্যুৎ লাইন স্থাপন করা হবে, সেই সাথে ভবিষ্যতে নগরীর বিদ্যুৎ চাহিদা নিরসনে তিনটি সাবস্টেশনকে আধুনিকায়ন করা হবে।

৩৩০ কেভি লাইনটি ৫০ বছরের পুরনো কেবলগুলোকে প্রতিস্থাপন করবে যেগুলো এখন মেয়াদ সীমার শেষ পর্যায়ে এসে পৌঁছে গেছে। নির্ভরযোগ্য বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করতে সহায়তার পাশাপাশি এই প্রকল্প নির্মাণকালীন সময়ে ১৪০ টি কর্মসংস্থানের যোগান দেবে।

নির্মাণকাজের হালনাগাদ তথ্য

Canterbury Bankstown এলাকায় খনন এবং নির্মাণ কাজের সিংহভাগ এখন সম্পন্ন হয়েছে।

ক্যাবল স্থাপন এবং সংযোগের কাজ ভালভাবেই এগিয়ে চলছে যা ২০২১ সালের জুনে শেষ হবে বলে আশা করা হচ্ছে, যদিও কিছু কিছু জায়গায় এর আগেই কাজ শেষ হয়ে যেতে পারে।

আপনি যদিও কিছুটা সমস্যা আপনার এলাকায় কোন কাজ হতে দেখেননি, নির্মাণ দলটি ক্রমাগত নালার ভেতর দিয়ে ক্যাবল টেনে চলছে এবং এরপর ক্যাবল বিভিন্ন সেকশনগুলোকে সঞ্জুক্ত করছে।

সিটি অব Canterbury Bankstown এলাকায় নির্মাণ কাজের অগ্রগতি

পরিখার নির্মাণ কাজঃ

শতকরা ৫ ভাগ সম্পন্ন হয়েছে

মাটির নিচে খননঃ

শতকরা ৫ ভাগ সম্পন্ন হয়েছে

ব্রিজের নির্মাণ কাজঃ

শতকরা ৫ ভাগ সম্পন্ন হয়েছে

স্থায়ী সংস্কারঃ

শতকরা ৫ ভাগ সম্পন্ন হয়েছে



Lakemba's Yangoora Road এ রাস্তার অস্থায়ী সংস্কার কাজ

স্থায়ী রাস্তার সংস্কার কাজ

প্রতিটি পর্যায়ের কাজে খনন এবং ক্যাবল স্থাপনের কাজ শেষ হওয়ার পর, আমরা অস্থায়ীভাবে রাস্তার সংস্কার কাজ করি যাতে করে রাস্তায় স্বাভাবিকভাবে গাড়ি চলাচল করতে পারে।

স্থায়ী রাস্তাগুলোর স্থায়ী সংস্কার কাজ বিষয়ে TransGrid সিটি অব Canterbury Bankstown এর সাথে কাজ করছে। TransGrid ক্যাবলগুলো স্থাপন এবং পরীক্ষা সম্পন্ন করার পর রাস্তার সংস্কার কাজ সম্পন্ন করা হবে।

রাস্তার সংস্কার কাজ ২০২১ সালের মাঝামাঝিতে শুরু হবে বলে আশা করা হচ্ছে এবং ক্যাবল রুটের পাশাপাশি একাজ সম্পন্ন করা হবে।

কংক্রিটের কিছু কিছু রাস্তার সংস্কার কাজ ইতিমধ্যেই শেষ হয়েছে।

কেবল রুট



নির্মাণ কাজের সময়

নির্মাণ কাজের সাধারণ সময় হল সোম থেকে শুক্রবার সকাল ৭ টা থেকে সন্ধ্যা ৬ টা এবং শনিবার সকাল ৮ টা থেকে দুপুর ১ টা। সড়ক কর্তৃপক্ষের চাহিদা মারফিক রাতের বেলায় কাজ সহ এই সময়ের বাইরেও কিছু কিছু কাজ হতে পারে।

আপনাকে অবগত রাখা

আপনার এলাকায় নতুন পর্যায়ের কাজ শুরু হওয়ার আগে আমরা আপনাকে এ ব্যাপারে অবগত করা চালিয়ে যাব।

আমরা যদি দেখতে পাই যে আমাদের কাজ অস্থায়ীভাবে আপনার বাড়ির প্রবেশ মুখে বাধার সৃষ্টি করতে পারে, সেক্ষেত্রে আমরা আপনার সাথে এ ব্যাপারে কথা বলব এবং এই বাধা কমিয়ে আনার উপায় খুঁজে বের করব।

আপনার প্রশ্ন কিংবা উদ্বেগ

প্রকল্পটি সম্পর্কে যদি আপনার কোন প্রশ্ন কিংবা উদ্বেগ থেকে থাকে তাহলে দয়া করে নিচে দেয়া নম্বরে আমাদের সাথে যোগাযোগ করুন।

প্রকল্পের প্রভাব কমিয়ে আনতে আমরা আপনার সাথে কাজ করতে প্রতিজ্ঞাবদ্ধ। এছাড়াও যে মতামতগুলো আমরা পেয়েছি সেগুলো আমরা কমিউনিটিতে যেভাবে কাজ করি তার উন্নতি ঘটাতে আমাদেরকে সাহায্য করেছে। আজ অবধি যারা আমাদের সাথে যোগাযোগ করেছেন তাদের সকলকে আমরা ধন্যবাদ দিতে চাই।



Greenacre এর Maiden Street এ নালার ভেতর দিয়ে ক্যাবল সরবরাহ এবং টানার কাজ



Greenacre এর Rawson Road এ কিছু কিছু সেকশনে এবং জয়েন্ট বে এর ভেতরে ক্যাবল এর সংযোগ এবং পরীক্ষা



131 450

দোভাষীর জন্য অনুগ্রহ করে 131 450 নম্বরে কল করে 1800 955 588 নম্বরে TransGrid কে দিতে বলুন। দোভাষী তখন আপনাকে অনুবাদের ক্ষেত্রে সহায়তা করবেন।

আমাদের সাথে
যোগাযোগ করুন

কমিউনিটি ইনফরমেশন লাইনঃ 1800 955 588
ইমেইলঃ psf@transgrid.com.au
ওয়েবঃ transgrid.com.au/psf
ডাক ঠিকানাঃ PO Box A1000 Sydney South NSW 1235

